অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সিরাকিউজের I-81 ভায়াডাক্ট প্রকল্পের জন্য সম্প্রদায়ের আউটরিচ কেন্দ্র আনুষ্ঠানিকভাবে খুলে দেওয়ার ঘোষণা করলেন

সাউথসাইড এবং ডাউনটাউন অবস্থানগুলি প্রকল্প দলের সদস্যদের সাথে জড়িত হওয়া এবং নকশার উপাদান দেখার সহজ সুযোগ প্রদান করে

রূপান্তরকারী প্রকল্পে কাজ করতে চাওয়া চাকরি সন্ধানীদের জন্য তথ্য উপলভ্য

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সিরাকিউজ সিটির রূপান্তরকারী ইন্টারস্টেট 81 ভায়াডাক্ট প্রকল্প (Interstate 81 Viaduct Project) সম্পর্কে তথ্য প্রদান করতে এবং মতামত গ্রহণ করতে দুইটি সম্প্রদায়ের আউটরিচ কেন্দ্র খোলা হয়েছে। সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে একত্রে কাজ করার জন্য নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) চলমান প্রয়াসের অংশ হিসেবে এই কেন্দ্র দুইটিকে শহরের এমন সুবিধাজনক স্থানে স্থাপন করা হয়েছে যা প্রকল্পটি দ্বারা উল্লেখযোগ্যভাবে প্রভাবিত হবে এবং জনগণকে প্রকল্প দলের সদস্যদের সাথে দেখা করা ও কথা বলার, এবং একই সাথে প্রকল্প সম্পর্কিত রেন্ডারিং ও অন্যান্য নকশার উপাদান দেখার সুযোগ প্রদান করবে। এছাড়াও ঐতিহাসিক প্রকল্পে কাজ করতে চাওয়া চাকরি সন্ধানীদের জন্য তথ্য উপলভ্য থাকবে।

"আজকের দিনটি ইন্টারস্টেট 81 (Interstate 81, I-81) ভায়াডাক্ট প্রকল্পের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক যেখানে আমরা সম্প্রদায়কে জড়িত করার আমাদের প্রয়াসকে সিরাকিউজ সিটির কেন্দ্রে নিয়ে এসেছি," **গভর্নর হোকল বলেন।** "এই আউটরিচ কেন্দ্রগুলি আমাদেরকে শুধু জনগণের সাথে সরকারি জড়িত হতে দেয় না, বরং এর সাথে ঐতিহাসিক প্রকল্পে কাজ করতে চাওয়া চাকরি সন্ধানীদের জন্য তথ্য প্রদান করে। এই প্রয়াসে সম্প্রদায়ের সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা গর্বিত, এবং বাসিন্দাদেরকে তাদের নিজেদের এলাকার সুবিধাজনক স্থানে আমাদের আউটরিচ কেন্দ্রগুলিতে যাওয়ার জন্য আমি উৎসাহিত করছি যাতে যারা তাদের সম্প্রদায় সম্পর্কে সবথেকে ভালো জানে তাদের মতামত আমরা সংযুক্ত করতে পারি।"

আউটরিচ কেন্দ্রগুলির অবস্থান এবং আগামীকাল থেকে শুরু করে সেগুলি কোন সময় খোলা থাকবে তা নিম্নরূপ:

- **টাকার মিশনারি ব্যাপ্টিস্ট চার্চ,** 515 Oakwood Avenue, সিরাকিউজ মঙ্গলবার ও বৃহস্পতিবার দুপুর 2টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত খোলা থাকবে।
- **হিলস বিল্ডিং** (নিচতলা), 217 Montgomery Street, সিরাকিউজ। সোমবার, বুধবার, এবং শুক্রবার সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত খোলা থাকবে।

প্রকল্পের তথ্য পাওয়ার জন্য, প্রশ্ন করার জন্য এবং সম্প্রদায়ের মতামত সংগ্রহে চলমান প্রয়াসে অংশগ্রহণ করার জন্য জনগণকে উভয় অফিসে যাওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে। I-81 ভায়াডাক্ট প্রকল্পে কাজ করতে ইচ্ছুক চাকরি সন্ধানীরা এই প্রকল্পের জন্য NYSDOT এর সাথে জোট তৈরি করা চাকরিদান গোষ্ঠীর সাথে যোগাযোগ হতে এইসব নতুন আউটরিচ কেন্দ্রে যেতে পারবে, গোষ্ঠীর মধ্যে রয়েছে পাথওয়েজ টু অ্যাপ্রেন্টিসশিপ (Pathways to Apprenticeship), ওয়ার্কস্মার্টNY সিরাকিউজ বিল্ড (WorkSmartNY Syracuse Build), CNY ওয়ার্কস (CNY Works), এবং নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor) ওয়ার্কফোর্স ফরোয়ার্ড: সিরাকিউজ (Workforce Forward: Syracuse), যারা আগ্রহীদের নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান করবে।

সম্প্রদায়ের অংশীদার আর্বান জবস টাস্ক ফোর্সের (Urban Jobs Task Force) নেতৃত্বে, ফেডারেল হাইওয়ে প্রশাসন (Federal Highway Administration), সিরাকিউজ সিটি এবং NYSDOT এর সাথে অংশীদারিত্বে, তৃণমূল প্রয়াসটি দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law) অধীনে সর্বপ্রথম স্থানীয় নিয়োগ সংবিধিগুলির একটি অনুমোদিত করা নিশ্চিত করতে সাহায্য করেছে যাতে চলিত বেতনে সুবিধাবঞ্চিত এলাকার জিপ কোড থেকে স্থানীয় বাসিন্দাদের নিয়োগদান প্রণোদিত করা যায়।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "ইন্টারস্টেট 81 ভায়াডাক্ট প্রকল্পের শুরুর সময় থেকেই আমরা প্রতিশ্রুতিবদ্ধ আছি যে আমরা সম্প্রদায়ের কথা শুনবো এবং ঐতিহাসিক এই কাজটি যাতে সঠিকভাবে হয় এবং সবাইকে গর্বিত করতে পারে তা নিশ্চিত করতে তাদের সাথে কাজ করবো। এই দুইটি আউটরিচ কেন্দ্র হলো সেই প্রতিশ্রুতির অবিচ্ছেদ্য অংশ এবং এই প্রকল্প দ্বারা সবথেকে বেশি প্রভাবিত হবে এমন এলাকাগুলির কয়েকটিতে এটি আমাদের দলের সদস্যদের উপস্থিত থাকতে দিবে, নিশ্চিত করবে যাতে জনগণের কথা শোনা অব্যাহত রাখা হয়।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "I-81 এর রূপান্তর ভালোমতো চলছে, যা আমাদের দ্বিপক্ষীয় অবকাঠামো বিনিয়োগ এবং কর্মসংস্থান আইন (Bipartisan Infrastructure Investment & Jobs Act) এবং মুদ্রাস্ফীতি হ্রাস আইন (Inflation Reduction Act) থেকে করা ঐতিহাসিক বিনিয়োগের কারণে সম্ভব হচ্ছে। আমাদের অবকাঠামোর উচিত সম্প্রদায়সমূহে সংযুক্ত করা, বিচ্ছিন্ন নয়, কিন্তু বহু দিন ধরে ডাউনটাউন সিরাকিউজের এলাকাসমূহ 1950 দশকে শহরের ঠিক কেন্দ্র দিয়ে নির্মিত ভায়াডাক্ট দ্বারা পৃথক হয়ে আছে। আমাদের আরো অনেক আগেই এই প্রতিবন্ধকতা নির্মূল করা এবং আমাদের সম্প্রদায়সমূহে পুনরায় সংযুক্ত করতে পারা, একাডেমিয়া, স্বাস্থ্যসেবা, ব্যবসা ইত্যাদির সুযোগ সকলের জন্য উন্নত করতে পারা উচিত ছিলো, যাতে করে সিরাকিউজ সিটি এবং এর বাসিন্দারা তাদের সম্পূর্ণ সম্ভাবনা অর্জন

করতে পারে। I-81 নির্মাণের পর থেকে গ্রেটার সিরাকিউজ থেকে বিচ্ছিন্ন হয়ে থাকা সাউথসাইড এলাকার যেই ক্ষতি হয়েছে তা সংশোধন শুরু করার জন্য সম্প্রদায়কে জড়িত করার জন্য আমি গভর্নর হোকল এবং NYSDOT এর প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর জন ডব্লিউ, ম্যানিয়ন বলেন, "I-81 এর পুনর্গঠন একটি প্রজন্মে একবার আসে এমন সুযোগ এবং নতুন দুইটি সম্প্রদায়ের আউটরিচ কেন্দ্র নিশ্চিত করে যে প্রকল্পটি অকপটতা, স্বচ্ছতা, এবং স্থানীয় শ্রমের প্রতি প্রতিশ্রুতি নিয়ে অগ্রসর হচ্ছে। জড়িত থাকার জন্য এবং প্রকল্পের উদ্দেশ্য ও সুযোগ আরো ভালোভাবে বোঝার জন্য, চাকরির সুযোগের সদ্ব্যবহার করার জন্য, এবং সরকারি কর্মকর্তাদের সাথে জড়িত হওয়ার জন্য সিরাকিউজ সম্প্রদায়ের সকলকে আমি উৎসাহিত করছি। ঐতিহাসিক এই কাজের ক্ষেত্রে গভর্নর হোকল এবং DOT এর নেতৃত্বের জন্য আমি তাদের প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর র্যা চেল ময় বলেন, "বহু বছরের স্টাডি এবং বিতর্কের পর, একটি কমিউনিটি গ্রিড দ্বারা I-81 প্রতিস্থাপিত করার কাজ গতি পাচ্ছে। সেই অগ্রগতি আজকের মহা উদ্বোধন দ্বারা অব্যাহত থাকলো। বাসিন্দারা যেখানে উদ্বেগ জানাতে পারবে, প্রশ্ন করতে পারবে এবং চাকরির সুযোগ সম্পর্কে জানতে পারবে এমন একটি স্থান হিসেবে নির্মাণ প্রক্রিয়া চলাকালে এইসব তথ্য কেন্দ্রগুলি অতি গুরুত্বপূর্ণ হবে। প্রজন্মে একবার হওয়া অবকাঠামো প্রকল্পটি চলাকালে স্টেট যে একটি অবিচল এবং প্রতিশ্রুতিবদ্ধ অংশীদার হয়ে থাকবে তা জানতে পেরে আমি খুশি। দারুণ এই সময়ে তার নেতৃত্বের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "ইন্টারস্টেট 81 প্রকল্প সম্পর্কে যোগাযোগ ও তথ্য প্রদানে সাহায্য করার জন্য সম্প্রদায়ের আউটরিচ কেন্দ্র স্থাপন করা হলো এই চলমান প্রক্রিয়ায় সিরাকিউজের বাসিন্দাদের জড়িত করতে স্টেটের জন্য একটি কার্যকর উপায়। প্রকল্পটি অঞ্চলকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করবে। সম্প্রদায়ের আউটরিচ কেন্দ্রগুলি নকশা, প্রকল্প দলের সদস্য এবং সম্ভাব্য কর্মসংস্থান সম্পর্কে তথ্য প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য পামেলা হান্টার বলেন, "I-81 ভায়াডাক্টকে একটি কমিউনিটি গ্রিড হিসেবে পুনর্গঠন করা হলো সম্প্রদায়কে জড়িত করা এবং মতামতের সরাসরি একটি ফলাফল। সম্প্রদায়ের মতামত গ্রহণ করা অব্যাহত রাখতে সম্প্রদায়ের আউটরিচ কেন্দ্রের জন্য নিবেদিত অবস্থান রাখা অর্থপূর্ণ। প্রকল্পটি অগ্রসর হওয়ার সময় নির্মাণকাজ এবং চূড়ান্ত ফলাফল যাতে প্রতিটি ধাপে সম্প্রদায়ের মতামত অনুযায়ী হয় তা নিশ্চিত করতে গভর্নর হোকলের সাথে আরো কাজ করতে আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য অ্যাল স্ট্রাইপ বলেন, "জীবনে একবার হয় এমন কমিউনিটি গ্রিড নির্মাণ প্রকল্প সম্পর্কে বিস্তারিত জানতে স্থানীয়দের জন্য কেন্দ্রীয় আউটরিচ হাব থাকা অতি স্বাগত একটি সংবাদ! এর অর্থ হলো চাকরি সন্ধানী, বাসিন্দা, ব্যবসা, শিক্ষার্থী, এবং পর্যটক সকলেই সর্বশেষ চাকরির সুযোগ, ভায়াডাক্ট পুনর্গঠন পর্যায়সমূহ, ট্র্যাফিকের প্যাটার্ন এবং ভ্রমণের রিরাউটিং বিকল্প সম্পর্কে অবগত থাকতে পারবে, যা তাদের সবথেকে নিরাপদ ও দ্রুততম উপায়ে এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করতে সাহায্য করবে। সবথেকে প্রভাবিত এলাকাসমূহে একটি সক্রিয় সম্প্রদায় জড়িত করার চ্যানেল তৈরির জন্য গভর্নর হোকল এবং

পরিবহন বিভাগকে ধন্যবাদ। অতীতের ভুল সংশোধন করার জন্য এবং সেন্ট্রাল নিউ ইয়র্ককে অগ্রসর করার জন্য আমরা একত্রে কাজ করছি।"

টাকার মিশনারি ব্যাপ্টিস্ট চার্চের (Tucker Missionary Baptist Church) প্যাস্টর ডেকার্টো ড্র্যাপার বলেন, "নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের সাথে অংশীদারিত্বটি নিয়ে আমরা খুশি যা অনেকের মতে ক্ষয়প্রাপ্ত, বঞ্চিত, ক্ষতিগ্রস্ত, এবং অকার্যকর সম্প্রদায়কে আশা, নিরাময় এবং সাহায্য প্রদান করছে। এই সম্পর্কটি প্রদর্শন করে যে নিউ ইয়র্ক স্টেট এবং এর নেতৃত্ব সকল নাগরিক ও সম্প্রদায়ের জন্য জীবন ও লিগেসি উন্নত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ! নেতৃবৃন্দের এই দারুণ দলের সাথে কাজ করতে পারা আশীর্বাদস্বরূপ।"

নিউ ইয়র্ক স্টেটের অবকাঠামোর আধুনিকায়নে এবং ফেডারেল সরকারের সাথে অংশীদারিত্বে পুরো স্টেটের সম্প্রদায়গুলিতে সমতা, সংযোগ, এবং বহু ধরনের পরিবহন সুযোগ প্রসার করতে বিনিয়োগ করার ব্যাপারে গভর্নর হোকলের নজিরবিহীন প্রতিশ্রুতির একটি অংশ হলো উদ্ভাবনী ইন্টারস্টেট I-81 ভায়াডাক্ট প্রকল্প। 2022 সালে গৃহীত 32.8 বিলিয়ন মার্কিন ডলারের স্টেট মূলধন পরিকল্পনাটি একটি আধুনিক পরিবহন ব্যবস্থার জন্য গভর্নরের ভিশন পূর্ণ করে যা পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের সেবাদান করবে, এবং I-81 ভায়াডাক্ট প্রকল্পটি ফেডারেল ও স্টেট সংস্থানের মিশ্রণ দ্বারা অর্থায়িত হবে। দায়িত্ব গ্রহণের শুরু থেকেই গভর্নর হোকল অবকাঠামোর মাধ্যমে সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করাকে তার প্রসাশনের একটি হলমার্ক করে তুলেছেন, ইস্ট বাফেলো, রচেস্টার, সিরাকিউজ, অ্যালবানি এবং সাউথ ব্রঙ্কসের এমন এলাকার রূপান্তরে পরিবহন বিভাগের মূলধন পরিকল্পনায় 3 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ প্রদান করা হয়েছে।

কমিউনিটি গ্রিড নির্মাণের মাধ্যমে, প্রকল্পটির লক্ষ্য হল সিরাকিউসের কেন্দ্রের মধ্য দিয়ে ভায়াডাক্ট নির্মাণের জন্য 1950-এর দশকে নেওয়া ভুল-বিবেচিত সিদ্ধান্তকে ফিরিয়ে আনা। কমিউনিটি গ্রিড আশেপাশের এলাকাগুলিকে পুনরায় সংযুক্ত করবে, গতিশীলতা বাড়াবে এবং আন্তঃরাজ্য হাইওয়ে নেটওয়ার্ক এবং মূল গন্তব্যে অ্যাক্সেসের উন্নতি ঘটাবে, যার মধ্যে রয়েছে শহরতলির ব্যবসায়িক জেলা, এলাকার হাসপাতাল এবং সিরাকিউজ বিশ্ববিদ্যালয়। এটি সমগ্র প্রোজেক্ট অঞ্চল জুড়ে পথচারী ও সাইকেলের জন্য নিরাপদ এবং ADA অনুযায়ী প্রবেশসাধ্য সুযোগ-সুবিধা প্রদান করবে।

প্রকল্পের জন্য পরিকল্পিত একাধিক চুক্তির প্রথমটিতে এখন বড় ধরনের নির্মাণের কাজ চলছে। চুক্তি 1-এর কাজের মধ্যে রয়েছে বিদ্যমান ইন্টারস্টেট 481/I-81 উত্তর ইন্টারচেঞ্জকে পুনর্নির্মাণ করা পুনরায় মনোনীত I-81 এবং বিজনেস লুপ 81-এ পুনর্গঠন, সেই সাথে I-481-এর অংশগুলিকে নতুন I-81-এ রূপান্তর করা এবং করিডোর বরাবর বেশ কয়েকটি রাস্তা ও সেতুর উন্নতি করা।

গত মাসে প্রদত্ত চুক্তি 2, I-481/I-81 এর সাউদার্ন ইন্টারচেঞ্জের রূপান্তর কাজ শুরু করবে। টেনেসি থেকে কানাডিয়ান সীমান্ত পর্যন্ত জাতীয় এবং আন্তর্জাতিক উত্তর-দক্ষিণ বাণিজ্যের রুটের সাথে একটি উচ্চ গতির আন্তঃরাজ্য সংযোগ বজায় রাখার জন্য এই দুটি চুক্তি একত্রে অপরিহার্য।

প্রকল্পটি সম্পর্কে তথ্য প্রকল্পের ওয়েবসাইট I81.dot.ny.gov এ পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন